

ডুমুরিয়া উপজেলার ইউনিয়ন পরিষদসমূহের গ্রামপুলিশ (দফাদার ও চৌকিদার)  
মনোনয়ন অনুমোদন সভার কার্যবিবরণী।

সভাপতি	: আ.ন.ম. কুদরুত-ই-খুদা, উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া খুলনা।
স্থান	: উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।
তারিখ	: ০৯/০৬/২০০২ ইং
সময়	: সকাল ১০.০০ টা
উপস্থিত সদস্য বৃন্দ	: পরিশিষ্ট - 'ক'

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

অধ্যকার সভায় রংপুর ইউনিয়ন পরিষদের জন্য ১জন দফাদার সহ ৬ (ছয়) জন, রঘুনাথপুর ইউনিয়ন পরিষদের জন্য ১(এক)জন এবং মাগুরখালী ইউনিয়ন পরিষদের জন্য ১(এক)জন সর্বমোট ১(এক)জন দফাদার সহ ৮জন গ্রামপুলিশ এর মনোনয়ন অনুমোদনের জন্য আলোচনা শুরু হয়।

রংপুর, রঘুনাথপুর ও মাগুরখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গণ আলোচনায় অংশ গ্রহন করেন। রংপুর ইউ.পি চেয়ারম্যান, জনাব বিমল কৃষ্ণ বসাক বলেন যে, তাঁর ইউনিয়ন পরিষদে ১(এক)জন দফাদার ও ৫(পাঁচ)জন গ্রামপুলিশের পদ দীর্ঘদিন শূন্য থাকায় ৬টি পদ পূরণের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হয়। দফাদার পদের জন্য ২টি আবেদন পত্র জমা পড়ে এবং ১, ৫, ৬, ৮ ও ৯নং ওয়ার্ডের ৫টি গ্রামপুলিশ পদের জন্য ৮টি আবেদন পত্র জমা পড়ে। প্রাপ্ত আবেদন পত্রগুলি বাছাই করে তার মধ্য হতে ১জন দফাদার সহ মোট ৬জনকে মনোনীত করা হয়েছে।

রঘুনাথপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব গাজী আব্দুল হাদী জানান যে, তাঁর ইউনিয়ন পরিষদের ৮নং ওয়ার্ডে ১জন গ্রামপুলিশের শূন্য পদ পূরণের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হলে ৩টি আবেদন পত্র জমা পড়ে। তার মধ্য থেকে বাছাই করে হরেকৃষ্ণ বিশ্বাসকে মনোনীত করা হয়েছে।

মাগুরখালী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব বিমল কৃষ্ণ সানা বলেন যে, তাঁর ইউনিয়নের ৩নং ওয়ার্ডের ১টি গ্রামপুলিশের শূন্যপদ পূরণের জন্য দরখাস্ত আহবান করা হয় এবং ৩টি আবেদন পত্র জমা পড়ে। আবেদন পত্রগুলি বাছাই করে অরবিন্দু সানাকে মনোনীত করা হয়েছে।

রংপুর, রঘুনাথপুর ও মাগুরখালী ইউনিয়ন পরিষদের গ্রামপুলিশের শূন্য পদ পূরণের জন্য মনোনীত ৮জন প্রার্থী উপস্থিত থেকে সাক্ষাৎকার প্রদান করেন। সভাপতি মহোদয় এবং ডুমুরিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা গ্রামপুলিশ পদের জন্য মনোনীত ব্যক্তিদের সাক্ষাৎকার গ্রহণ করেন। প্রার্থীগণ বিভিন্ন প্রশ্নের জবাব দেন। গ্রামপুলিশ পদের জন্য যোগ্য বিবেচিত হওয়ায় নিম্ন বর্ণিত ব্যক্তিগণকে সর্বসম্মতিক্রমে গ্রামপুলিশ পদে নিয়োগ দানের অনুমোদন দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।